BGMEA

সার্কুলার নং-বিজিএ/কাস/২০২৫/ ২৭৫

তারিখঃ ২৪ সেপ্টেম্বর, ২০২৫

## সম্মানিত সকল সদস্যের জন্য

**বিষয়ঃ চট্টগ্রাম বন্দরে আমদানিকৃত এফসিএল কন্টেইনারের স্বাভাবিক স্টোররেন্টের উপর (খালি কন্টেইনার ব্যতীত) চলমান ০৪ (চার) গুণ হারে স্টোররেন্ট আদায়ের স্থগিতাদেশ এর মেয়াদ ৩১ অক্টোবর, ২০২৫ইং পর্যন্ত বর্ধিতকরণ প্রসঙ্গে।**

সূত্র ঃ চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের বিজ্ঞপ্তি নং- ১২/২০২৫, তাং- ২২/০৯/২০২৫ইং।

সম্মানিত সকল সদস্যের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বিজিএমইএ'র অনুরোধের প্রেক্ষিতে চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ সূত্রে উল্লেখিত বিজ্ঞপ্তি মারফত আমদানিকৃত এফসিএল কন্টেইনারের উপর (খালী কন্টেইনার ব্যতিত) চলমান ০৪ (চার) গুণ হারে স্টোররেন্ট আরোপ এর স্থগিতাদেশ আগামী ৩১/১০/২০২৫ইং তারিখ পর্যন্ত বর্ধিত করেছে (কপি সংযুক্ত)।

প্রয়োজনীয় কার্যার্থে চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের জারীকৃত বিজ্ঞপ্তিটি এতদসঙ্গে সংযুক্ত করা হলো।

ধন্যবাদান্তে,

২৪/৯/২৫

মেজর মোঃ সাইফুল ইসলাম, পিএসসি,সিএসসিএম (অবঃ)
সচিব (ভারপ্রাপ্ত)

সংযুক্তিঃ বর্ণনামতে।



CamScanner

**চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ**
পরিচালক (পরিবহন) এর দপ্তর

বিজ্ঞপ্তি নং- ১২/২০২৫ তারিখ- ২২-০৯-২০২৫ ইং।

বিষয়- চট্টগ্রাম বন্দরে আমদানিকৃত এফসিএল কন্টেইনারের স্বাভাবিক স্টোররেন্টের উপর (খালি কন্টেইনার ব্যতীত) চলমান ০৪ (চার) গুণ হারে স্টোররেন্ট আদায়ের স্থগিতাদেশ এর মেয়াদ ৩১ অক্টোবর, ২০২৫ ইং পর্যন্ত বর্ধিতকরণ প্রসঙ্গে।

সূত্র- ১। চবক বোর্ড সিদ্ধান্ত নং- ১৯৬৩৩, তারিখ- ১৬-০৯-২০২৫ ইং।
২। চবক বোর্ড সিদ্ধান্ত নং- ১৯৫৯৩, তারিখ- ১৯-০৮-২০২৫ ইং।

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, চট্টগ্রাম বন্দর অভ্যন্তরে আমদানিকৃত এফসিএল কন্টেইনারের সংখ্যা আশংকাজনকভাবে বৃদ্ধি পেয়ে বন্দরের অপারেশনাল কার্যক্রমে বিঘ্ন সৃষ্টি হওয়ার পরিপ্রেক্ষিতে পরিচালক (পরিবহন), চবক এর বিজ্ঞপ্তি নং- ০২/২০২৫, তারিখ- ২০-০২-২০২৫ এর মাধ্যমে Regulations for Working of Chittagong Port (Cargo & Container), 2001 এর ১৬০ ধারা মূলে ১০-০৩-২০২৫ ইং তারিখ হতে চট্টগ্রাম বন্দর ও ঢাকাস্থ কমলাপুর আইসিডিতে (পানগাঁও আইসিটি ব্যতীত) স্থিত আমদানিকৃত এফসিএল কন্টেইনারের স্বাভাবিক ভাড়ার উপর ০৪ (চার) গুণ হারে স্টোররেন্ট আরোপ করা হয়। যা পরবর্তীতে চবক বোর্ড সিদ্ধান্ত নং- ১৯৫৯৩, তারিখ- ১৯-০৮-২০২৫ ইং মূলে ০১ (এক) মাসের জন্য (২৩-০৮-২০২৫ ইং হতে ২২-০৯-২০২৫ ইং পর্যন্ত) সাময়িকভাবে স্থগিত করা হয়।

বর্তমানে সূত্রোক্ত ১নং বোর্ড সিদ্ধান্ত মূলে চট্টগ্রাম বন্দরে এফসিএল কন্টেইনার এর স্বাভাবিক স্টোররেন্ট এর উপর আরোপিত ০৪ (চার) গুণ হারে স্টোররেন্ট আদায়ের উপরোক্ত স্থগিতাদেশ ৩১ অক্টোবর, ২০২৫ ইং পর্যন্ত বর্ধিত করা হলো।

বন্দর ব্যবহারকারীদের নিরবচ্ছিন্ন সেবা প্রদান ও বন্দরের অপারেশনাল কার্যক্রম গতিশীল রাখার স্বার্থে সংশ্লিষ্ট সকল আমদানিকারকগণকে চট্টগ্রাম বন্দরের মাধ্যমে আনীত এফসিএল কন্টেইনার দ্রুততার সাথে ডেলিভারী গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

22/9
পরিচালক (পরিবহন)
চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ

| BGMEA REGIONAL OFFICE, CTG. | | |
|---|---|---|
| 1. | Office Incharge | |
| 2 | UD-UP | |
| 3. | Accounts | |
| 4. | Admin-HR / Insurance | |
| 5. | Labour Cell / Fire & Safety | |
| 6. | Law & Order / Crisis Management | |
| 7. | Ponodona / Gas-Elec. | |
| 8. | Membership | |
| 9. | C&M / RSC / Dormitory | |
| 10. | Port & Customs | |
| 11. | RDTI/LSS/Fair/Arbitration | |
| 12. | Health / Hospital / School / Project | |
| 13. | | |
| Signature | | |
| Dispatch No | | |
| Date & Time | 23/09/2025 | |